

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৫ শাখা।

নং-৪৫.১৪৬.০০৭.০০.০০২.২০১২-৮৭৬

তারিখঃ ২২-০৭-২০১২ খ্রিঃ।


বিষয়ঃ ঢাকা শহরে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের চিকিৎসকদের ছুটির আবেদন Online এর মাধ্যমে প্রেরণ প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কর্মকর্তাদের ছুটি ব্যবস্থাপনা Online-এ সম্পাদনের লক্ষ্যে ইতিমধ্যে Online-এ আবেদন করার ক্ষেত্রে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে একটি Orientation কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদেরকে Online ছুটি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে ঢাকা শহরে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের চিকিৎসকদের ছুটির আবেদন (অর্জিত ছুটি-দেশে/বিদেশে, শ্রান্তি বিনোদন ছুটি, বিদেশে শিক্ষা ছুটি) আগামী ০১.০৮.২০১২ তারিখ হতে Online এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। মহাপরিচালক/অধ্যক্ষ/পরিচালকগণ কর্মকর্তাদের ছুটির বিষয়ে দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা করে যথার্থতা নিশ্চিত হয়ে Online এর মাধ্যমে অগ্রায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। ছুটি অনুমোদনের লক্ষ্যে Online-এ আবেদন প্রেরণ করতে হবে বিষয় সংশ্লিষ্ট সকল কর্মকর্তার পিজিএস হালনাগাদকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। আগামী ০১.০৮.১২ তারিখ হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তাদের ছুটির আবেদন ও সংশ্লিষ্ট তথ্য প্রমানাদির বিষয়ে (ছুটি প্রাপ্ততা সনদ, মুচলেকা, ৫ বছরের ভ্রমণ বিবরণী, অফার লেটার, বিদেশ ভ্রমণের ছক ইত্যাদি) বিষয়ে কেবলমাত্র সফট কপি (Online-এ প্রেরণযোগ্য) গ্রহণ করা হবে।



(নুসরাত আইরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৫২৯৪৪

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ/পরিচালক/নির্বাহী পরিচালক, -----
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব আনোয়ার সাদিক, IT Consultant, EXPARTO, ৩৪ গ্রীপ রোড, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।